

সংবাদ বিজ্ঞপ্তি

**নোবিপ্রবিতে ‘রাইটিং এটিএফ সাব-প্রজেক্ট
প্রপোজাল’ শীর্ষক কর্মশালা**

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) বিভিন্ন বিভাগের শিক্ষকদের অংশগ্রহণে ‘রাইটিং এটিএফ সাব-প্রজেক্ট প্রপোজাল’ শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার (১৫ জানুয়ারি ২০২৫) নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) সেমিনার কক্ষে এ কর্মশালা অনুষ্ঠিত হয়। আইকিউএসি’র আয়োজনে কর্মশালায় প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

আইকিউএসি পরিচালক অধ্যাপক ড. আসাদুন নবীর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ (মুরাদ)।

এতে প্রধান অতিথির বক্তব্যে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, এই কর্মশালার মাধ্যমে প্রজেক্ট প্রপোজাল বিষয়ে আমাদের বিশ্ববিদ্যালয়ের একটি সম্ভাবনা তৈরি হচ্ছে। এক্ষেত্রে এক্সপার্টদের অভিজ্ঞতা অবশ্যই আমাদের কাজে আসবে। এসময় উপাচার্য আরও বলেন, পাবলিকেশন এর সংখ্যা বাড়লে বিশ্ববিদ্যালয় উপকৃত হবে। আর এক্ষেত্রে ফান্ডিংয়ের বিষয়টা আমাদের নিশ্চিত করতে হবে। তাই এ ধরনের কর্মশালা সামগ্রিক বিষয়ে একটি স্বচ্ছ ধারণা দেবে। আমাদের প্রত্যাশা উল্লেখযোগ্য সংখ্যক প্রজেক্ট আমরা নিয়ে আসতে পারবো, তখনই এ পরিশ্রম সার্থক হবে।

কর্মশালায় বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক বলেন, আমরা প্রথম থেকেই এ ধরনের প্রজেক্ট রাইটিং এবং প্রজেক্ট রিলেটেড বিষয়কে গুরুত্ব দিচ্ছি। এতে বিশ্ববিদ্যালয় একাডেমিক ক্ষেত্রে উপকৃত হবে। এক্ষেত্রে আমাদের প্রজেক্ট প্রপোজাল পাঠাতে হবে এবং একটা সময় এর ফল পাওয়া যাবে।

কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ (মুরাদ) বলেন, এ কর্মশালার মাধ্যমে আপনারা একটি গাইডলাইন পাবেন এবং একাডেমিক ট্রান্সফর্মেশন ফান্ড (এটিএফ) এর ক্ষেত্রে একটি কাজিত লক্ষ্য পৌঁছাতে পারবেন।

কর্মশালায় কি-নোট স্পিকার ছিলেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক মনোনীত প্রশিক্ষক পুলের এক্সপার্ট ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাণবিদ্যা বিভাগের অধ্যাপক ড. গাওছিয়া ওয়াহিদুন্নেসা চৌধুরী। প্রোগ্রাম মডারেটর ছিলেন আইকিউএসি’র অতিরিক্ত পরিচালক জি এম রাকিবুল ইসলাম।

উল্লেখ্য, হায়ার এডুকেশন এক্সিলারেশন এন্ড ট্রান্সফর্মেশন (হিট) প্রজেক্ট এর আওতায় উন্মুক্ত প্রতিযোগিতার ভিত্তিতে একাডেমিক ট্রান্সফর্মেশন ফান্ড (এটিএফ) মঞ্জুর করা হবে।



ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা ০১৭৩৩৯৯৮৮৯৪